বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প-ভোক/২০১১/১৪/৭৭৬ তারিখ ঃ ০৪/১০/২০১১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ২০১২ সনের ০১ ফেব্রুয়ারী হইতে অনুষ্ঠিতব্য (সম্ভাব্য) অত্র বোর্ডের ২০১২ সনের এসএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফি জমাদানপূর্বক স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষার প্রিন্ট আউট কপি পূরণ করিতে হইবে। প্রিন্ট আউট কপি অন লাইন-এ পূরণের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে অবগত হওয়া যাইবে।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা পরবর্তীতে জানানো হইবে। ইহা ছাড়া বোর্ডের ওয়েব সাইটে এতদ্‌সংক্রান্ত তথ্যাদি পাওয়া যাইবে।

(ড. মোঃ নুরুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোন-৯১১৩২৮৩, ফ্যাক্স- ৯১৪৪২০৬

* প্রকাশ থাকে যে, ২০১০ সনের এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের দশম শ্রেণীর পাঠ্যসূচি এবং শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান (সংশোধিত) ও মঞ্জুরিকৃত ট্রেড মোতাবেক বিভিন্ন টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, টেকনিক্যাল স্কুল ও কলেজ, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক ইন্সটিটিউট এবং কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বিভিন্ন এনজিও পরিচালিত/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দশম শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত/অনিয়মিত ছাত্র/ছাত্রীদের পরীক্ষা গ্রহণ করা হইবে। পরীক্ষার্থীদের শ্রেণীবিন্যাস, পরীক্ষা সংক্রান্ত ফি গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অত্র অফিসে ফি জমা দেওয়ার বিভিন্ন নিয়মাবলী নিম্নে বর্ণিত হইলঃ

১. <u>পরীক্ষার্থীদের শ্রেণী বিন্যাস</u> ঃ

১.১ ২০১১ শিক্ষাবর্ষে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের দশম শ্রেণীতে অধ্যয়নরত (সেসন-২০১০) সকল ছাত্র/ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হইবে।

১.২ ২০১১ সনের এসএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) যাহারা বিভিন্ন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য হইয়াছে তাহারা ২০১২ সনের এসএসসি (ভোক) ফাইনাল পরীক্ষায় রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করিতে পারিবে। যে সকল শিক্ষার্থীদের সেসন ২০০৮ বা তৎ পূর্ববর্তি, তাহারা পুরাতন সিলেবাসের আওতায় অনিয়মিত হিসাবে পরীক্ষায় অংশ গ্রহণ করবে।

১.৩ এবার এই প্রথম অন-লাইনে ফরম ফিলাপ করার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। অন-লাইনে ফরম ফিলাপ সম্পর্কিত কর্মশালা ১৮-২৫ সেপ্টেম্বর, ২০১১ইং তারিখে বোর্ডে অনুষ্ঠিত হইয়াছে। প্রিন্ট আউটের একটি হার্ড কপি ফি সহ নির্ধারিত তারিখে জমা দিতে হইবে। তবে, ফরম ফিলাপ অন-লাইনে যথা সময়ে করিতে হইবে। প্রিন্ট আউট কপি বোর্ড থেকে গ্রহণ করার প্রয়োজন নাই।

১.৪ সংশ্লিষ্ট প্রবিধান অনুযায়ী একজন শিক্ষার্থী ৪ শিক্ষাবর্ষের জন্য নিবন্ধিত থাকিবে। রেজিষ্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে আরো ১ বৎসর পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। অর্থাৎ এবার ২০০৯ সেসনধারী শিক্ষার্থীগণ স্বাভাবিক ভাবে পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। ২০০৮ সেসনধারীদের ফরম ফিলাপের পূর্বেই বোর্ডের ৪র্থ তলার রেজিষ্ট্রেশন শাখা হইতে রেজিষ্ট্রেশন নবায়ন করিয়া লইতে হইবে। নবায়ন ব্যতিরেকে পরীক্ষার ফরম ফিলাপের সুযোগ দেওয়া যাইবে না।

অব্যাহত .....

১.৫ চূড়ান্ত পরীক্ষায় মান উন্নয়নের লক্ষ্যে কোন শিক্ষার্থী অব্যবহিত পরবর্তী বৎসরই শুধুমাত্র একবার মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহন করিতে পারিবে। তবে, তাহাকে দশম শ্রেণীর লিখিত ও ব্যবহারিক সমাপনী সকল বিষয়ের পরীক্ষা দিতে হইবে এবং নিয়মিত শিক্ষার্থীর মতই পরীক্ষার ফি প্রদান করিতে হইবে। মান উন্নয়নের জন্য অতিরিক্ত ২০০/- (দুইশত) টাকা মান উন্নয়ন ফি প্রদান করিতে হইবে। মান উন্নয়নের আবেদন প্রিন্ট আউট কপিতে অন লাইন-এ লিখিয়া আলাদাভাবে জমা দিতে হইবে।

১.৬ যে সকল অনিয়মিত পরীক্ষার্থী ২০১১ সনে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় অথবা পূর্বে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, অথচ আগামী ২০১২ সনের এসএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করিতে ইচ্ছুক তাহাদিগকে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অতিরিক্ত ২০০/- টাকা হারে সংযোগ রক্ষাকারী ফি প্রদান করিয়া নির্ধারিত বিবরণীতে পূর্ণ তথ্য ও পূর্ববর্তী পরীক্ষার নম্বরপত্রের ফটোকপিসহ প্রিন্ট আউট কপি পূরণ করিতে হইবে। এই সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে পরীক্ষার প্রিন্ট আউট কপি প্রেরণের বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নামের পার্শ্বে মন্তব্যের কলামে সংযোগরক্ষাকারী ফি বাবদ প্রদত্ত অর্থের অবশ্যই উল্লেখ করিতে হইবে।

* ফিসহ প্রিন্ট আউট কপি বোর্ডে জমা প্রদান, বোর্ড হইতে প্রবেশপত্র, উত্তরপত্র/পরীক্ষার কাগজপত্র গ্রহণ ইত্যাদি নিম্নোক্ত ছক মোতাবেক সম্পন্ন করিতে হইবে। কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের বাহিরে ফি জমা দেওয়া যাইবে না। যদি ইহার ব্যতিক্রম পরিলক্ষিত হয় তাহা হইলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে যাহার জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকিবেন। এই সংক্রান্ত জটিলতা পরিহারের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে অধিকতর যত্নবান ও দায়িত্বশীল হওয়ার জন্য অনুরোধ করা হইল।

বিভাগের নাম	অন লাইন ফরম ফিলাপ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া DD করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি সহ ফরম ফিলাপ ও DD করার শেষ তারিখ	প্রিন্ট আউটের হার্ট কপি ও ও DD জমার তারিখ	প্রতিষ্ঠান কর্তৃক জরিমানাসহ অন-লাইনে ফরম ফিলাপ এবং ডি ডি করার তারিখ	প্রবেশ পত্র গ্রহন, উত্তরপত্র ও অন্যান্য ফরম গ্রহণ
১	২	৩	৪	৫	৬	৭
রাজশাহী	অন-লাইনে ফরম ফিলাপ করিতে হইবে। বোর্ডে আসিয়া প্রিন্ট আউট কপি গ্রহণ করার প্রয়োজন নাই। ১৫/১০/২০১১ হতে ৯/১১/২০১১ইং পর্যন্ত সময়ের মধ্যে অন লাইন-এ ফরম ফিলাপ প্রেরন করতে হইবে।	১০/১১/১১ (সকল বিভাগ) ডিডি করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে।	১১/১১/১১ হইতে ১৭/১১/১১ পর্যন্ত অন লাইন-এ ফরম ফিলাপ করিতে হইবে (সকল বিভাগ) এবং ১৭/১১/১১ ডিডি করিয়া প্রতিষ্ঠানে সংরক্ষণ করিতে হইবে।	২২/১১/১১ জেলা কোড ১১ হতে ২০ (প্রতিষ্ঠান কোডের প্রথম ২ সংখ্যা জেলা কোড)	নির্ধরিত তারিখের পর (১৭/১১/১১) প্রতিষ্ঠান কর্তৃক ১৮৫০/- টাকা জরিমানা প্রদান সাপেক্ষে ০১/১২/১১ তারিখ পর্যন্ত অন লাইন-এ ফরম ফিলাপ এবং ডি ডি করা যাইবে। ইহারপর কোন অবস্থাতেই আর ফরম ফিলাপ করা যাইবে না।	নিম্নোক্ত জেলা ছক অনুযায়ী সংশ্লিষ্ট জেলার কেন্দ্র কে গ্রহণ করিতে হইবে
রাজশাহী				২৩/১১/১১ জেলা কোড ২১ হতে ২৬		
খুলনা				২৪/১১/১১		
বরিশাল				২৭/১১/১১		
সিলেট				২৮/১১/১১		
চট্টগ্রাম				২৯/১১/১১		
ঢাকা				৩০/১১/১১ জেলা কোড ৪৩ হতে ৫১		
ঢাকা				০১/১২/১১ জেলা কোড ৫২ হতে ৫৯		

"জেলা ছক"

ক্রমিক নং	তারিখ	জেলার নাম	মন্তব্য
১	০৯/০১/১২ (সোমবার)	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম।	প্রবেশপত্র দেখিয়া লইতে হইবে। কোন ভুল থাকিলে পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত সংশোধন করা হইবে। উত্তরপত্র গ্রহণের সময় সংযুক্ত চাহিদা ফরম-১ ও ২ পূরণ করিয়া আনিতে হইবে।
২	১০/০১/১২ (মঙ্গলবার)	গাইবান্ধা, জয়পুরহাট, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ।	
৩	১১/০১/১২ (বুধবার)	রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ।	
৪	১২/০১/১২ (বৃহস্পতিবার)	পাবনা, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাংগা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, যশোর।	
৫	১৪/০১/১২ (শনিবার)	খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা।	
৬	১৫/০১/১২ (রবিবার)	সাতক্ষীরা,ঝালকাঠী,বরিশাল,শরিয়তপুর,মাদারীপুর,গোপালগঞ্জ,ফরিদপুর,রাজবাড়ী।	
৭	১৬/০১/১২ (সোমবার)	সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, বি-বাড়ীয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর।	
৮	১৭/০১/১২ (মঙ্গলবার)	নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, কক্সবাজার।	
৯	১৮/০১/১২ (বুধবার)	কিশোরগঞ্জ, নেত্রকোণা, ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, টাংগাইল।	
১০	১৯/০১/১২ (বৃহস্পতিবার)	গাজীপুর, নরসিংদী, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, ঢাকা।	

অব্যাহত ----

২. ফিসের বিবরণ ঃ

ক্রমিক নং	বিবরণ	হার	মোট (প্রতি পরীক্ষার্থী)	মন্তব্য
১	পরীক্ষার ফি	৩০০.০০	৩০০.০০	বোর্ড হইতে বাস্তব প্রশিক্ষণ বহি প্রদান করা হইবে।
২	কেন্দ্র ফি	২০০.০০	২০০.০০	
৩	ব্যবহারিক বিষয়ের জন্য কেন্দ্র ফি	৫০.০০	৫০.০০	
৪	নম্বর পত্র ফি	৬০.০০	৬০.০০	
৫	বাস্তব প্রশিক্ষণ ফি	১০০.০০	১০০.০০	
৬	ব্যবহারিক ফি (৬ বিষয় ঐচ্ছিক সহ)	২৫.০০	১৫০.০০	
৭	সংযোগ রক্ষাকারী ফি	২০০.০০	২০০.০০	
৮	বিলম্ব ফি	২০০.০০	২০০.০০	
৯	সনদ পত্র ফি	১০০.০০	১০০.০০	
১০	জরিমানা ফি (প্রতি প্রতিষ্ঠান)	১৮৫০.০০	প্রতি প্রতিষ্ঠান	

২.১ উল্লিখিত ফি এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হইতে পরীক্ষার ফি + নম্বরপত্র ফি + বাস্তব প্রশিক্ষণ ফি + সনদপত্র ফি বাবদ (৩০০+৬০+৭০+১০০) = ৫৩০.০০ (পাঁচশত ত্রিশ) টাকা এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি + নম্বর পত্র ফি বাবদ (৩০০+৬০) = ৩৬০.০০ (তিনশত ষাট) টাকা ছাত্র প্রতি আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করিতে হইবে। কেন্দ্র ফি, ব্যবহারিক ফি কেন্দ্রে জমা থাকিবে। প্রযোজ্য ক্ষেত্রে সংযোগ রক্ষাকারী ফি, বিলম্ব ফি ও জরিমানা যথারীতি বোর্ডে প্রেরণ করিতে হইবে। বাস্তব প্রশিক্ষণের (১০০-৭০) = ৩০.০০ টাকা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মূল্যায়ন কাজের পারিশ্রমিক প্রদানে ব্যয় করিতে হইবে এবং বাকি ৭০.০০ (সত্তর) টাকা বোর্ডে প্রেরণ করিতে হইবে। কেন্দ্র ফি ও বাস্তব প্রশিক্ষণ ফি অত্র বের্ডের স্মারক নং বাকাশিবো/প্রঃ/অঃআঃ/২০০৯/১২৬৬,তাং ১১/০৮/২০০৯ খ্রিঃ মোতাবেক কেন্দ্রে নিয়জিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বন্টন করিতে হইবে।

২.২ বাস্তব প্রশিক্ষণ ফি-এর বোর্ডের প্রাপ্য অংশের বিভাজন এইরূপ ঃ বই বাবদ ২০.০০ (বিশ টাকা) এবং পরীক্ষার ফি বাবদ ৫০.০০ (পঞ্চাশ টাকা) ।

৩. প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট কপি/পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলি ঃ

৩.১ প্রিন্ট আউট কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অন-লাইন-এ পূরণ করিতে হইবে এবং প্রয়োজনে তাহার অনুমতিক্রমে দায়িত্বশীল কোন শিক্ষক/কর্মচারীর মাধ্যমে বোর্ডে প্রেরণ করিতে হইবে।

৩.২ অসম্পূর্ণ অথবা ভূল তথ্যাবিশিষ্ট প্রিন্ট আউট কপি বা ব্যাংক ড্রাফট বিহীন ফরম সরাসরি নাকচ করা হইবে এবং তজ্জন্য অত্র অফিস দায়ী থাকিবে না।

৩.৩ পরীক্ষার্থীদের নিকট হইতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট গচ্ছিত থাকিবে। নিজ শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্য শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্রের অধীনে পরীক্ষা দিতে হইলে হিসাব অনুযায়ী প্রদানযোগ্য অর্থ যথাসম্ভব পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অর্থাৎ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে অবশ্যই প্রেরণ করিতে হইবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসারে পরীক্ষা সমাপ্তির পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা প্রশিক্ষক ও কর্মচারীবৃন্দের পারিশ্রমিক পরিশোধ ও কাঁচামাল ক্রয়জনিত ব্যয় বহনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৩.৪ শিক্ষা প্রতিষ্ঠান/কেন্দ্রের অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিকের হার পরীক্ষা কেন্দ্রে নিয়োজিত অভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষকের হারের সমান হইবে। ব্যবহারিক পরীক্ষা ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে পরীক্ষার্থী পিছু প্রতি ২ ঘন্টার বিষয়ের জন্য ৭.৫০ টাকা এবং ৩ ঘন্টা বিষয়ের জন্য ১০.০০ টাকা হারে প্রত্যেক ব্যবহারিক পরীক্ষককে পরিশোধ করিতে হইবে। বাকী অর্থ প্রয়োজনীয় কাঁচামাল ক্রয়ের জন্য ব্যয় করিতে হইবে।

৩.৫ আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে একটি ব্যাংক ড্রাফটের মাধ্যমে এন্ট্রি ফরমের সহিত বোর্ডে প্রেরণ করিতে হইবে যাহা সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হইতে উত্তোলনযোগ্য হইতে হইবে। এখন হইতে উল্লিখিত সোনালী ব্যাংকের ড্রাফট/নগদ অর্থ স্বস্ব প্রতিষ্ঠানকে ব্যাংকের ভাউচারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে। সোস্যাল ইসলামী ব্যাংক, লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায় ডিডি নগদ অর্থ জমা দিয়েও ভাউচার সংযুক্ত করা যাইবে।

৩.৬ নগদ, মনি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণ করা হইবে না।

৩.৭ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য ব্যাংক কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য হইবে।

পরীক্ষার প্রিন্ট আউট কপি অত্র অফিসে প্রেরণের পূর্বে প্রতিটি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষাকরতঃ ট্রেডভিত্তিক শ্রেণী বিন্যাস করিয়া রেজিষ্ট্রেশনের ক্রমানুসারে নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী পৃথক পৃথকভাবে সাজাইয়া দিতে হইবে যাহা প্রিন্ট আউট কপি থেকে সম্পূর্ন আলাদা থাকিবে। ইহাতে কোন ব্যতিক্রম বাঞ্চনীয় নহে। প্রিন্ট আউট কপি এর সাথে কোন কাগজ, বিবরণী সংযুক্ত করা চলিবে না। ফরোয়ার্ডিং নমুনা ব্যতিত কোন প্রিন্ট আউট কপি গ্রহণ করা হইবে না।

অব্যাহত ----

৩.৮ নিম্নেবর্ণিত ছক (যে ক্ষেত্রে প্রযোজ্য) অনুযায়ী ট্রেডভিত্তিক সকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর বিশদ বিবরণের তালিকা এন্ট্রি ফরমের সহিত অবশ্যই প্রেরণ করিতে হইবে। তথ্য বিবরণী ফুল স্কেপ সাইজের কাগজে প্রেরণ করিতে হইবে ।

২০১২ সনের এসএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষার পরীক্ষার্থীগণের তথ্য তালিকা ঃ

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রেজিস্ট্রেশন নং ও সেশন	ট্রেডের নাম	পরীক্ষায় দেয় বিষয়/বিষয়সমূহের নাম	পরীক্ষার ফি	নম্বর পত্র ফি	বাস্তব প্রশিক্ষণ ফি	বিলম্ব ফি (যদি থাকে)	সংযোগরক্ষাকারী ফি (যদি থাকে)	সনদ পত্র ফি	পূর্ববর্তী বোর্ড পরীক্ষার রোল নং ও সন (অনিয়মিতদের জন্য প্রযোজ্য)	সর্বমোট ফি
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

৩.৯ পরীক্ষার প্রিন্ট আউট কপি ও সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল ও অভিজ্ঞ শিক্ষক/কর্মচারীর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যেই অত্র অফিসে প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে। তবে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীর ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে। যদি বিলম্ব ফিসহ ফরম ফিলাপের জন্য কোন শিক্ষার্থী না থাকে তাহা হইলে নির্ধারিত সময়ের পূর্বে DD সহ প্রিন্ট আউট কপি জমা দেওয়া যাইবে। তবে, উহা DD করার জন্য নির্ধরিত তারিখের পূর্বে নয়।

৩.১০ প্রিন্ট আউট কপি প্রেরণের সময় ফরোয়ার্ডিং চিঠির নমুনা পূর্বের মত অবশ্যই ব্যবহার করিতে হইবে।

> বরাবর
> পরীক্ষা নিয়ন্ত্রক
> বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
> আগারগাঁও, শেরে বাংলা নগর
> ঢাকা-১২০৭
> দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)

৪. <u>পরীক্ষাথীর প্রতি নির্দেশাবলী ও কেন্দ্র ফি প্রেরণের নিয়মাবলী ঃ</u>

৪.১ পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষা কেন্দ্রে গমন ও অবস্থানকালীন সময়ে নিজ নিজ বাসস্থান ও আহারের ব্যবস্থার ব্যয়ভার স্ব স্ব পরীক্ষার্থীকে বহন করিতে হইবে।

৪.২ পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের সন্তোষজনক পরিচিতির জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে (সম্ভব হলে) একজন শিক্ষক পরীক্ষা কেন্দ্রে প্রেরণ করা বাঞ্ছনীয়। উক্ত শিক্ষকের ভ্রমণভাতা ব্যয় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে। এইরূপ সনাক্তকারী শিক্ষক প্রেরণ যদি সম্ভব না হয় তবে প্রবেশপত্রে/রেজিস্ট্রেশন কার্ডে সংযোজিত পরীক্ষার্থীর ফটো (যাহা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত) পরীক্ষা কেন্দ্রে সনাক্তকরণের বিকল্প ব্যবস্থা হিসাবে গণ্য করা যাইবে।

৪.৩ পরীক্ষার্থীদের নিকট হইতে আদায়কৃত কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষা ফি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অর্থাৎ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুকূলে পরীক্ষা আরম্ভের পূর্বেই ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।
প্রিন্ট আউট কপি জমা দেওয়ার সময় প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনে তাৎক্ষনিক যোগাযোগের জন্য বর্তমান টেলিফোন নম্বর ভোকেশনাল শাখায় এন্ট্রি নিশ্চিত করিতে হইবে ।

অব্যাহত---

৫. বিশেষ নির্দেশাবলী (অবশ্যই পালনীয়) ঃ

৫.১ প্রিন্ট আউট কপিতে পরীক্ষার্থী স্বাক্ষর করার পূর্বে সকল তথ্য সঠিক আছে কিনা তাহা খুব যত্ন সহকারে দেখিতে হইবে। কারন, প্রবেশ পত্র এই তথ্যের ভিত্তিতেই তৈরি হইবে। প্রবেশপত্র সংশোধনের জন্য প্রিন্ট আউট কপি জরুরী। প্রিন্ট আউট কপিতে স্বাক্ষর না থাকিলে প্রবেশ পত্র ইস্যু করা হইবে না।

৫.২ বিলম্বে ফরম ফিলাপের জন্যও প্রিন্ট আউটের ফটোকপি ব্যবহার করা যাইবে।

৫.৩ পরীক্ষা শুরুর পর কোন প্রবেশপত্র সংশোধন করা হইবে না।

৫.৪ পরীক্ষার্থীর পূর্বের কোন পরীক্ষায় ফলাফল স্থগিত থাকিলে তাহা ফরম ফিলাপের পূর্বেই সংশোধনী ফলাফল প্রকাশের ব্যবস্থা করিয়া নিতে হইবে। ফরম ফিলাপ শুরু হইলে স্থগিত প্রত্যাহার হইবে না।

৫.৫ বোর্ডে প্রেরিত যে কোন তথ্যের/নম্বরপত্রের/হাজিরাসিটের ফটোকপি প্রতিষ্ঠানে/কেন্দ্রে সংরক্ষণ করিতে হইবে যেন প্রয়োজনে তাৎক্ষনিকভাবে সমস্যার সমাধান দেওয়া সম্ভব হয়।

৫.৬ স্থগিত ফলাফলের জন্য ১ (এক) মাসের মধ্যেই বোর্ডে তথ্য উপস্থাপন/যোগাযোগ করিতে হইবে। আবেদন ৩০ দিন পর্যন্ত গ্রহণের পর পরবর্তি ১৫ দিনের মধ্যে সংশোধনী জারী করা হইবে।

৫.৭ পরীক্ষা চলাকালীন সময়ে তাত্তিক ধারাবাহিক, ব্যবহারিক ধারাবাহিক, নম্বর অন-লাইনে প্রেরণ করতে হইবেক। ব্যবহারিক সমাপনী পরীক্ষার পরপরই অন-লাইনে নম্বর প্রেরণ করতে হইবে। এখন থেকে আর ICR এর মাধ্যমে নম্বর প্রেরণ করা যাইবে না। হাজিরাসীট, এ্যাবসেন্টি ICR শীট, শিরোনামপত্রের ৩য় কপি কেন্দ্রের মাধ্যমে হাতে হাতে একত্রে পরীক্ষা শেষ হওয়ার ৩ দিনের মধ্যে বোর্ডে জমা দিতে হইবে। কোন ব্যতিক্রম বাঞ্ছনীয় নহে।

৫.৮ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয় ভিত্তিক উত্তীর্ণমান, পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদি অন-লাইনে সঠিকরূপে দিতে হইবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভূলের কারণে শিক্ষার্থীদের ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করিতে হইবে। বিশেষ করে কারিকুলাম ট্রেড কোড, কেন্দ্র বিষয় কোড ভুল হইলে ফলাফল প্রকাশিত হইবে না।

৫.৯ বাস্তব প্রশিক্ষণের নম্বরপত্র প্রশিক্ষণ শেষ হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যেই অন-লাইনে প্রেরণ করিতে হইবে। এক্ষেত্রে কোন বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হইবে না। যদি ইহার ব্যতিক্রম ঘটে তাহা হইলে প্রতিষ্ঠানের প্রধানকে জরিমানা প্রদান করিতে হইবে যাহা তিনি নিজে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫.১০ শুধুমাত্র পরীক্ষা সংক্রান্ত তথ্যের জন্য ভোকেশনাল শাখায় যোগাযোগ করিতে হইবে। নম্বরপত্র/সার্টিফিকেটের জন্য ৬ষ্ঠ তলায় (ফোন-০১৯১৩-০২৫০০৮), রেজিস্ট্রেশনের জন্য ৪র্থ তলায় (ফোন-৯১৩৩৪৮৪), এফিলিয়েশনের ফি প্রদানের জন্য ২য় তলায় (ফোন-৯১১৫৪২৮), পাঠ্য পুস্তক, সিলেবাস, এফিলিয়েশন গ্রহণ ও ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত ৫ম তলায় (ফোন-৯১৪০৬৪৬) যোগাযোগ করিতে হইবে।

৫.১১ কেন্দ্র প্রতিষ্ঠার জন্য উপযুক্ত কারণসহ স্থানীয় প্রশাসনের মাধ্যমে নির্দিষ্ট সময়ে (৩০/০৯/১০ ইং এর মধ্যে) আবেদন করিতে হইবে।

৫.১২ বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তরপত্রের লিথো কোডের ১ম অংশ ছেড়া যাইবে না। প্রতিবেদনসহ একই দিনে উত্তরপত্র আলাদা ডাকে পাঠাইতে হইবে।

৫.১৩ উত্তরপত্রের সাথে কোন শিরোনামপত্র বা কোন তথ্য সন্নিবেশিত করা যাইবে না। শুধুমাত্র বান্ডিল লেভেল ব্যবহার করিতে হইবে। এর ব্যতিক্রম বাঞ্ছনীয় নয়। লিথো কোডের সাথে শিরোনাম পত্র দিতে হইবে।

৫.১৪ নবম শ্রেণীতে অনুত্তীর্ণ থাকার কারণে যে সকল পরীক্ষার্থী ফলাফল দশম শ্রেণী পাশ হওয়া সত্ত্বেও স্থগিত থাকিবে তাহাদের নবম শ্রেণী পাশ হওয়া মাত্রই বোর্ডের নিকট ফলাফল পেতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদন করিতে হইবে। তাদের দশম শ্রেণী পরীক্ষা দেওয়ার প্রয়োজন নাই।

৫.১৫ ধারাবাহিক অংশে ফরম ফিলাপের পর পরীক্ষার্থীর অনুত্তীর্ণ হওয়ার সুযোগ নাই। তাই ভূলক্রমে তাত্তিক ধারাবাহিক অংশে অনুত্তীর্ণ দেখালে তাহার ফলাফল বাতিল হইয়া যাইবে বিধায় খুবই সতর্কভাবে এ নম্বর প্রদান করিতে হইবে। বাতিল হইয়া গেলে আর সংশোধন করা যাইবে না। ব্যবহারিক ধারাবাহিক অংশের জন্য একই কথা প্রযোজ্য। বিধি অনুযায়ী এই ক্ষেত্রে রেজিস্ট্রেশন বাতিল হইয়া যাইবে। এই সব শিক্ষার্থীদের কোনভাবেই পুনঃভর্তি করা যাইবে না।

৫.১৬ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরাসীটে শুধুমাত্র প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকিতে হইবে। এই ক্ষেত্রে ঐ বিষয়ের ভিত্তিতেই উপস্থিত/অনুপস্থিত লিখিতে হইবে। পাশ করা বিষয়ে ভূলক্রমে অনুপস্থিত লিখিলে অনুত্তীর্ণ ধরা হইবে।

৫.১৭ নিয়মিত পরীক্ষার্থী কোন ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত থাকিলে তাহার ব্যবহারিক নম্বর প্রেরণের সময় অন-লাইনে রোলনম্বরের বিপরীতে ৯৯৯ লিখিতে হইবে।

৫.১৮ ফরম ফিলাপ হইলেই অবশ্যই নিয়মিত পরীক্ষার্থীর ধারাবাহিক নম্বর বোর্ডে প্রেরণ করিতে হইবে (সমাপনী পরীক্ষায় অনুপস্থিত হইলেও)। যাহার ধারাবাহিক নম্বর পূর্বে বোর্ডে প্রেরণ করা হইয়াছে, তাহার নম্বর আর প্রেরণ করার প্রয়োজন নাই।

৫.১৯ বাংলা-২ (ব্যাকরণ অংশ বাদে), ধর্ম শিক্ষা-২, সামাজিক বিজ্ঞান-২ এবং রসায়ন বিজ্ঞান-২ বিষয়ে সৃজনশীল প্রশ্ন পত্রের মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

৫.২০ নবম শ্রেণীতে ৪র্থ বিষয়ে অনুত্তীর্ন বা ৪র্থ বিষয় গ্রহণ করে নাই এইরূপ শিক্ষার্থীগণ দশম শ্রেণীতে ৪র্থ বিষয়ে পরীক্ষা অংশ গ্রহণ করিতে পারিবে না।

অব্যাহত ----

৫.২১ ফরম ফিলাপের প্রিন্ট আউট কপি জমা দেওয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ করার প্রত্যয়নপত্র দেখাইতে হইবে।

৫.২২ এখন হইতে সব কিছুই কেন্দ্রের মাধ্যমে সম্পন্ন করিতে হইবে। বোর্ড হইতেও শুধুমাত্র কেন্দ্রের সাথে যোগাযোগ করা হইবে।

৫.২৩ প্রিন্ট আউট কপি গ্রহণ করার সময় অবশ্যই প্রতিষ্ঠানের পাঠদানরত শিক্ষকের তালিকা টাইপ করে A4 সাইজ কাগজে নিম্নোক্ত ছকে জমা দিতে হইবে ।

৫.২৪ উত্তরপত্র পূণঃ নিরীক্ষনের জন্য হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হইবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে টেলি-টকের মাধ্যমে আবেদন করিতে হইবে।

প্রতিষ্ঠানের নাম ও কোডঃ ....

ক্রমিক নং	নাম/পদবী	শিক্ষাগত যোগ্যতা	পাঠদানের বিষয় ও কোড (নবম একটি ও দশম একটি বিষয়)	ফোন নম্বর	স্বাক্ষর

- উত্তর পত্রের প্যাকেট ১০০টি করিয়া এবং লিথু ২০০টি করিয়া করোগেটেড শীটে প্যাকেট করিতে হইবে।
- পুরাতন সিলেবাসের আওতায় অনিয়মিত শিক্ষার্থীদের উত্তর পত্র ও লিথু আলাদা প্যাকেটে করে একত্রে প্রেরণ করিতে হইবে।
- বহিস্কার হইলে হাজিরা শীটে লাল কালি দ্বারা বড় করিয়া বহিস্কার লিখতে হইবে।

স্মারক নং-বাকাশিবো/প-ভোক/২০১১/১৪/৭৭৬(২৪) তারিখ ঃ ০৪/১০/২০১১ খ্রিঃ

অনুলিপি, সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইল ঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ যুগ্ম সচিব, মাদ্রাসা ও কারিগরি)
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ৪/বি, আগারগাঁও, ঢাকা।
৩। মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ৪/বি, আগারগাঁও, ঢাকা।
৫। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৬। পরিচালক,বস্ত্র দপ্তর, বস্ত্র ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। অধ্যক্ষ, বাংলাদেশ ইনষ্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা
১০। পরিদর্শক, টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ
১১। উপ পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগ।
১২। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক---
১৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-১/২/৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। উপ-সচিব (প্রঃ)/ উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হইল)।
১৬। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-১/২/৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। রেজিস্ট্রেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯। সহকারী হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (হিসাব অনুযায়ী ফি গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
২০। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২১। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২৩। অত্র অফিসের নোটিশ বোর্ড।
২৪। সংরক্ষণ নথি ।

০৪/১০/২০১১

(মোঃ নূর-এ-ইলাহী)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৮১২১৫৪০

250(G)/SSC(Voc)Final-2012/Ten notice-2012